96

আজকের কাগজ

তারিখ 15 JAN 1995
পৃষ্ঠা ৩ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইবিএ থেকে এ যাবত ১ হাজার ৩৯০ জন ছাত্র-ছাত্রী স্নাতক ডিগ্রী লাভ করেছে

বিপুর রহমান ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইন্সটিটিউট অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (আইবিএ) থেকে এ পর্যন্ত এক হাজার তিনশ' ৯০ জন ছাত্র-ছাত্রী গ্রাজুয়েট ডিগ্রী লাভ করেছে। প্রতিষ্ঠানটি এ পর্যন্ত ভর্তি করেছে তিন হাজার ছয়শ' ৮৮ জন ছাত্র-ছাত্রীকে। এদের মধ্যে দিবা শাখায় এক হাজার ৫৭ জন এবং নৈশ শাখায় তিনশ' তিনজন পাশ করেছে। চলতি বছর এখানে ভর্তির জন্যে আবেদন করেছে দুই হাজার সাতশ' সত্তর জন ছাত্র-ছাত্রী। যাদের ভর্তির ফলাফল শিগগিরই প্রকাশ করা হবে।

কর্তৃপক্ষের সূত্রে জানা গেছে, '৬৬তে আইবিএ প্রতিষ্ঠার পর '৬৮তে প্রথম ব্যাচের ছাত্র-ছাত্রীদের ভর্তি করা হয়। প্রতিষ্ঠার পর থেকে প্রতি বছরই এখানে ছাত্র-ছাত্রী ভর্তির আসন সংখ্যা বাড়ছে। এ বছরও এই সংখ্যা আরো বাড়বে। তবে কি পরিমাণ আসন সংখ্যা বাড়ানো হবে বিষয়টি একাডেমিক কাউন্সিলের মিটিং-এ অচিরেই চূড়ান্ত করা হবে।

সংশ্লিষ্ট সূত্র মতে, মাস্টার্স অব বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) কোর্সে ১৬ সপ্তাহের একটি ইন্টার্নিশিপ চালু আছে; যা শতাধিক বাণিজ্যিক প্রতিষ্ঠানের সহায়তায় পরিচালিত হয়। প্রতিষ্ঠানগুলো একই সঙ্গে আইবিএর শতকরা ৫০ থেকে ৬০ ভাগ ছাত্রী-ছাত্রীদের কর্মসংস্থানের ব্যবস্থা করে থাকে।

আইবিএ'র একজন উর্ধ্বতন কর্মকর্তা জানিয়েছেন, এখান থেকে পাশ করা শতকরা একশ' ভাগ ছাত্র-ছাত্রীই খুব সহজেই কর্মসংস্থান করতে পারে। তবে এখানে পাশের হার শতকরা ৩৪ জন।

আইবিএ'তে ১৯৬৬ সালে ৩৫ ও '৬৭ তে' ৪৫ জন ছাত্র-ছাত্রী ভর্তি হয়। পরবর্তী বছরগুলোতে ভর্তি ও পাশের সংখ্যা ছিলো যথাক্রমে '৬৮ তে ৫০ ও ১৭, '৬৯ এ একশ' ২২ ও ২২ জন, '৭০ এ ৯৪ ও ৩৬, '৭২ এ একশ' ৭৫ ও ৬৪, '৭৪ এ ৭৮ ও ৬২, '৭৫ এ একশ' ৬২ ও ৫৪, '৭৬ এ একশ' ২৬ ও ৩১, '৭৭ এ ৯৭ ও ৫২, '৭৮ এ একশ' ২৬ ও ৪৩, '৭৯ তে একশ ৬৭ ও ৬৫, '৮০ তে একশ' ৯০ ও ৭২, '৮১ তে একশ' ৭৩ ও ৪১, '৮২ তে একশ ৫৪ ও ৬০, '৮৩ তে একশ' ৮২ ও ৪৬, '৮৪ তে একশ' ৫১ ও ৫০। '৮৫ তে একশ' ৬৬ ও ৭৫, '৮৭ তে একশ' ৯০ ও ৭১, '৮৮ তে দু' শ' দুই ও ৬৩, '৮৯ এ একশ' ৯৬ ও ৮৯, '৯০ এ দু'শ' তিন ও ৬৯, '৯১ এ দু'শ' ১৬ ও ৩২, '৯২ এ দু'শ' ৪৩ ও ৯৬ এবং '৯৩ এ একশ' ১৮ ও ৮৮।

উল্লেখ্য, '৬৯ ফলে আইবিতে একশ' ২২ জন ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীর মধ্যে ৫০ জন ছিল ডিপ্লোমা ডিগ্রী প্রাপ্ত। এছাড়া '৭১ এ মহান মুক্তিযুদ্ধ চলার কারণে সে বছর এখানে কোন ছাত্র-ছাত্রী ভর্তি হয়নি বলে '৭৩ এ কোনো পাশের সংখ্যা ছিল না। '৮৬ তে একশ' ৮৬ জন ভর্তি হয়েছে; কিন্তু রাজনৈতিক অস্থিতিশীলতার কারণে সে বছর কোনো পাশের সংখ্যা ছিল না। প্রতিষ্ঠানটি '৯৩ এ চার বছরে অনার্স কোর্স ব্যাচেলর অব বিজনেস এ্যাডমিনিস্ট্রেশন (বিবিএ) চালু করে এবং ঐ বছর ৬২ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়। '৯৪ এ এ কোর্সে ৮০ জনকে ভর্তি করা হয়।

দেশের ছাত্র গণ আন্দোলনের প্রাণকেন্দ্র ঢাকা বিশ্ববিদ্যালয়-এর আইবিএ'র ছাত্র-ছাত্রীরা প্রতিষ্ঠান পর থেকে এ পর্যন্ত কোন আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেনি। প্রতিষ্ঠানটি এ দিক থেকেও আরেকটি ব্যতিক্রম মাত্রা অর্জন করছে।